গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় শোক দিবস পালন

বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

কর্মসূচীর মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, শোক র্যালী ও আলোচনা সভা ও পুরুস্কার বিতরণী।

আজ মঙ্গলবার সকাল ৮টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমালা অর্পন করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি শিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলীসহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও গাংনী থানার পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, উপজেলা যুবলীগের পক্ষ থেকে গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, গাংনী সরকারী ডিগ্রী কলেজ, গাংনী মহিলা ডিগ্রী কলেজ, গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ, গাংনী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজ, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়, গাংনী মহিলা কলেজপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন সংগঠন ও অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করে।

পরে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ। এসময় বক্তব্য রাখেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহসভাপতি সিরাজুল ইসলাম, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, জেলা আওয়ামীলীগের উপদেষ্টা পরিষদের সদস্য ছাড়াকার ইয়াসিন রেজা, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী,

আমিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, সাংবাদিক মাজেদুল হক মানিকসহ অন্যান্যরা।

পরে রচনা প্রতিযোগীতা চিত্রাঙ্কন ও ১ মিনিটের ভিডিও কন্টেন্ট তৈরী প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে পুরুস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থাপনায় ছিলেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্ট।

এর আগে সকাল ৭টার দিকে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়।

মেহেরপুর বিচার বিভাগ কর্তৃক যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর বিচার বিভাগ কর্তৃক যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর্যের মধ্য দিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালিত হয়েছে। সূর্যোদয়ের সাথে সাথে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু করা হয়।

১৫ আগষ্ট সকাল ৯ টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্থবক অর্পন এবং সকাল ৯.৩০ ঘটিকায় জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহর নেতৃত্বে সকল বিচারকবৃন্দের উপস্থিতিতে আদালত চত্ত্বরে ১ টি সফেদা গাছ লাগানো হয়। অতপর মেহেরপুর বিচার বিভাগীগের সকল বিচার, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে শোকসভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ’র সভাপতিত্বে শোক সভায় বক্তব্য রাখেন মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন

ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) মোঃ তোহিদুল ইসলাম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস, যুগ্ম জেলা ও দায়রা জজ এইচ এম কবির হোসেন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়াতুল্লাহ, সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম।

এসময় জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট শারমিন নাহার, জেলা ও দায়রা জজ আদালতের প্রশাসনিক কর্মকর্তা মতিউল আশরাফ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের ভারপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা শেখ মোঃ আহছানুল হক, জেলা জজ আদালতের নাজির ওসমান গনি, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির আসাদুজ্জামান সহ মেহেরপুর বিচার বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে স্বাধীনতার মহান স্থাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাফফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ ও ও তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

আজ মঙ্গলবার সকালে জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা নেতৃত্বে একটি শোক র্যালী শেষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন

কমান্ডার, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম গাইন (রফা গাইন),বাগোয়ান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান,বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম।

উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলালউদ্দিন লাভলু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন, উপজেলা ইয়াং বাংলা ফিউচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটুসহ উপজেলা আওয়ামী লীগ, ছাত্রলীগ যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ।

দর্শনায় ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

দর্শনায় ১৫ই আগস্ট শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার রাত আটটায় দর্শনা পৌর আওয়ামী লীগ কার্যালয়ে প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী।

দর্শনা পৌর আওয়ামী লীগের আয়োজনে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

তিনি বলেন বঙ্গবন্ধুর নেতৃত্বে আজ আমরা স্বাধীন জাতি হিসেবে বসবাস করছি। বাঙালি জাতির মুক্তিদাতা জাতির জনক কে ১৫ আগস্ট সপরিবারে হত্যার মধ্য দিয়ে এদেশের কলঙ্কিত সন্তানেরা সৃষ্টি করেছিল এক কালো অধ্যায়ের। আমরা জাতির জনকের সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারাদেশে উন্নয়ন কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছি। এই উন্নয়নকে ধরে রাখতে হলে শেখ হাসিনা সরকারের কোন বিকল্প নেই। তাই আবারো নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনা সরকারকে ক্ষমতায় আনতে হবে এজন্যে সকল ভেদাভেদ

ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে ঐক্যবদ্ধ ভাবে নৌকা প্রতীকের পক্ষে কাজ করতে হবে। একটি কথা মনে রাখতে হবে বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়তে হলে ঐক্কের কোন বিকল্প নেই।

অনুষ্টানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খালি মুনসুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, পারকৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম , দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি শফিকুল আলম, আ.লীগ নেতা দর্শনা পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন, ফরজ মল্লিক, আ’লীগ নেতা জয়নাল আবেদীন নফর, সোলায়মান কবির, ফয়সাল আহম্মেদ, হাজী হায়দার আলী, হাবিবুর রহমান, দাউদ হোসেন, হবি, সাইফুল ইসলাম হুকুম, আশরাফুজ্জামান বেল্টু, খালিদ হোসেন মিঠু।

দামুড়হুদায় জাতীয় শোক দিবসের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে উপজেলার ডাকবাংলোর সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা কমান্ডার রুস্তম আলী,

দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু,পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম,জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, নাটুদা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউল করিম, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকু, উপজেলা সেচ্ছাসেবক লীগের যুগ্ম আহব্বায়ক।এছাড়াও আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

জীবননগরে জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

জীবনননগরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, পৌর মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) জাবিদ হাসান প্রমুখ।

মেহেরপুরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বিশেষ বর্ধিত সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার ১০ আগষ্ট বিকালে মেহেরপুর পৌর কমিটি সেন্টারে মেহেরপুর জেলা আওয়ামী লীগের আয়োজনে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

বর্ধিত সভার সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের সঞ্চালনায় এসময় জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল সামাদ বাবলু বিশ্বাস, আব্দুল হালিম বিশ্বাস, সিরাজুল ইসলাম মাস্টার,আব্দুল মান্নান, এড. ইয়ারুল ইসলাম, শহিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক এড. ইব্রাহিম শাহিন, রেজাউল হক মাস্টার, আইন বিষয়ক সম্পাদক এড. পল্লব ভট্টাচার্য, তথ্য গবেষণা বিষয়ক সম্পাদক এড. কাজী শহিদুল হক,নদপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগমসহ জেলা আওয়ামী লীগের থানা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন।

আমঝুপিতে জাতীয় শোক দিবস পালনে প্রস্তুতি সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে আওয়ামীলীগ দলীয় কার্যালয়ে ১৫ই আগষ্টের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকালে

আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বোরহান উদ্দীন আহমেদ (চুন্নু)।

এসময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন কৃষকলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহাবুবুল হক।

প্রস্তুতি সভায় প্রধান অতিথি বোরহান উদ্দীন আহমেদ চুন্নু আমঝুপি ইউনিয়নের প্রতিটা ওয়ার্ডের সভাপতি ও সেক্রেটারীকে নির্দেশ দেন, যথাযোগ্য মর্যাদায় ১৫ই আগষ্ট পালন করতে হবে। স্ব স্ব ওয়ার্ডে ১৫ই আগষ্ট পালন করতে সব ধরনের সহযোগীতা করা হবে। ১৫ই আগষ্ট কাঙ্গালী ভোজের শেষে শোক র্যালীর করার প্রস্তাব গৃহীত হয়।

তিনি আরও বলেন, জাতীয় নির্বাচনকে সামনে রেখে যার যার জায়গা থেকে কাজ করে যেতে হবে।

দামুড়হুদায় জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতি মূলক সভা

দামুড়হুদায় ১৫ আগষ্ট স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস এর সভাপতিত্বে প্রস্তুতিমূলক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, দর্শনা থানার ওসি অপারেশন নিরব, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশীদ, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের প্রভাষক নজরুল ইসলাম, দশমী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলেয়া বিলকিস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুন্নাহার, বীর মুক্তিযোদ্ধা সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ, উপজেলার বিভিন্ন স্কুলের শিক্ষক বৃন্দ, সুধিবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী ও স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমুলক সভা করেছে গাংনী উপজেলা প্রশাসন।

আজ বুধবার সকাল ১০টায় গাংনী উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা ভুমি কর্মকর্তা ও সহকারি কমিশনার(ভুমি) নাদির হোসেন শামীম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ,ইউনিয়নের চেয়ারম্যানগণ,সাংবাদিক ও সুশিল সমাজের প্রতিনিধি বৃন্দ।